একই নম্বর, তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৫(অংশ-১)-১১৩

তারিখঃ ১৯ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩(৩) অনুযায়ী আগামী **০৬ মার্চ ২০১৭ তারিখে** নিম্নেবর্ণিত উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন:

ক্রমিক	জেলার নাম	উপজেলার নাম	শূন্য পদের নাম
১.	কুড়িগ্রাম	সদর	চেয়ারম্যান
২.	বরিশাল	বানারীপাড়া	চেয়ারম্যান
		গৌরনদী	চেয়ারম্যান
৩.	ঝালকাঠী	কাঠালিয়া	চেয়ারম্যান
৪.	পটুয়াখালী	রাঙ্গাবালি	চেয়ারম্যান
৫.	কুমিল্লা	আদর্শ সদর	চেয়ারম্যান
		চৌদ্দগ্রাম	ভাইস চেয়ারম্যান
		সদর দক্ষিণ	মহিলা ভাইস চেয়ারম্যান
৬.	পাবনা	সুজানগর	চেয়ারম্যান
		ঈশ্বরদী	মহিলা ভাইস চেয়ারম্যান
৭.	নাটোর	বড়াইগ্রাম	চেয়ারম্যান
৮.	কিশোরগঞ্জ	হোসেনপুর	চেয়ারম্যান
৯.	নীলফামারী	জলঢাকা	ভাইস চেয়ারম্যান
১০.	সাতক্ষীরা	কলারোয়া	ভাইস চেয়ারম্যান
১১.	বাগেরহাট	মোড়েলগঞ্জ	ভাইস চেয়ারম্যান

০২। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ অনুসরণপূর্বক ইতোপূর্বের নির্দেশনা অনুসারে উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করার জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশ প্রদান করেছেন। এ লক্ষ্যে ইতোপূর্বে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত **পরিপত্র ২-১১,** বিশেষ পরিপত্র এবং অন্যান্য পত্রের অনুলিপি এতদসংগে প্রেরণ করা হল। উল্লেখ্য যে, ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনী প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। সংশোধিত বিধিমালা অনুসারে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য রাজনৈতিক দলের মনোনয়ন অথবা স্বতন্ত্র প্রার্থী হতে হবে। সংশোধিত বিধিমালার প্রজ্ঞাপনের অনুলিপি এতদসংগে প্রেরণ করা হল। তাছাড়া উপজেলা পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০১৩ এর কপিও এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত বিধিমালার কপি প্রত্যেক প্রার্থীকে প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

০৩। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ এর উপবিধি (৩) অনুসারে ভোটগ্রহণের জন্য ০৬ মার্চ ২০১৭ তারিখ ধার্যকরত: রিটার্নিং অফিসার, তৎকর্তৃক সঙ্গত বলে বিবেচিত সময়ের ব্যবধান রেখে মনোনয়নপত্র দাখিল হতে প্রার্থীতা প্রত্যাহার পর্যন্ত বিভিন্ন তারিখ নির্ধারণ করে একটি বিজ্ঞপ্তি জারি ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুসরণপূর্বক বর্ণিত উপজেলা পরিষদের শূন্য চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১/২/২০১৭

(ফরহাদ আহাম্মদ খান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০১৭১৫-০০০৭৪৯

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কিশোরগঞ্জ, জেলা নির্বাচন অফিসার, কুড়িগ্রাম/বরিশাল/ঝালকাঠী/পটুয়াখালী/কুমিল্লা/পাবনা/নাটোর/ নীলফামারী/ সাতক্ষীরা/বাগেরহাট ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.১৫(অংশ-১)-১১৩

তারিখঃ ১৯ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক,বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. কমিশনার, ...(সংশ্লিষ্ট বিভাগ)
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, ...(সংশ্লিষ্ট রেঞ্জ)
১০. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৫. জেলা প্রশাসক, ...(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৬. পুলিশ সুপার, ...(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...(সকল)

১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. উপজেলা নির্বাহী অফিসার, ... (সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...(সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, ... (সংশ্লিষ্ট)
২৩. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার জনাব .... এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের এর সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ /নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২ শাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ... (সংশ্লিষ্ট) ও সহকারি রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট থানা)।

০২.০২.১৭
(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২